

# দেশ ছেয়েছে দাঁড়কাকে

আজাদ আলম

বাংলাদেশের বাঁকে বাঁকে  
ঠাই গেড়েছে দাঁড়কাকে  
চোর লুটেরার সাথে থেকে  
ঠোকরে খাচ্ছে দেশটাকে  
আমজনতার জীবনটাকে  
ফেলছে টেনে দুর্বিপাকে  
আইনি পুলিশ তেল নাকে  
দিন দুপুরে ঘুমিয়ে থাকে  
কে সাড়া দেয় কার ডাকে।

একাত্তরের সোনার ছেলে  
তামার দরে বিক্রি হলে  
মন্ত্রী-সচিব চেলার দলে  
রাখলে সাথে ঘুষের থলে  
নীতি কথার পাখার তলে  
মূল্যবোধের মরণ হলে  
নতুন ধ্যানের ডামাডোলে  
সনাতনকে ষোল খাওয়ালে  
দেশ তো যাবেই রসাতলে।

দেশ বাঁচানোর এক উপায়  
ঝোপে মাঠে পথে পাড়ায়  
সবাই দাঁড়ান জোড় করায়  
মিনিট পাঁচেক হেট মাথায়  
অনুতাপের তপ্ত লাভায়  
দন্ধ হোন আগায় গোঁড়ায়  
মালা জপুন প্রার্থনায়  
সবাই যেন বদলে যায়  
দেশ বাঁচানোর মন্ত্রণায়।